গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ -২০২২ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফজিলাতুন নেসা ইন্দিরা এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

সভার স্থান : বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ।

সভার তারিখ : ২০/০৯/২০২২খ্রি.

সভার সময় : ১০-০০ ঘটিকা .

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট -'ক'

বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সচিব সভার বিষয়বস্তু অবহিত করেন। অতঃপর সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ-২০২২ পালনে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	২০২২ সালে অনুষ্ঠেয় বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ উদযাপনের তারিখ নির্ধারণ	এ বছর অক্টোবর মাসের ১ম সোমবার ০৩ অক্টোবর হওয়ায় বিশ্ব শিশু দিবস ০৩ অক্টোবর এবং ৪-১১ অক্টোবর শিশু অধিকার সপ্তাহ ২০২২ পালন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি, সকল জেলা প্রশাসক, সকল উপজেলা নির্বাহী অফিসার এবং বেসরকারি সংস্থাসমূহ
২.২	উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি নির্ধারণ	বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে প্রধান অতিথি হিসাবে মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২.৩	উদ্বোধনী অনুষ্ঠানের স্থান নির্ধারণ	বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হবে।বাংলাদেশ শিশু একাডেমি উক্ত মিলনায়তন অনুষ্ঠানের উপযোগী করে প্রস্তুত করবে।	মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি
২.৪	বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহের সম্ভাব্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন	এ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাংলাদেশ শিশু একাডেমি ও শিশু সংশ্লিষ্ট অন্যান্য বেসরকারী সংস্থাসমূহের সাথে সমন্বিতভাবে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ - ২০২২ এর কর্মসূচি পালন করা হবে। সভায় আলোচনাক্রমে উদ্বোধনী অনুষ্ঠানের জন্য নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়ঃ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি ও অন্যান্য শিশু সংশ্লিষ্ট সংগঠন

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ - ২০২২ এর অনুষ্ঠানসূচি

০৩ অক্টোবর, ২০২২ (সোমবার)

অনুষ্ঠানসূচি

সকাল	০৯.৩০	আমন্ত্রিত অতিথিবৃন্দের আসন গ্রহণ		
	০৯.৫৫	- শিশু প্রতিনিধিসহ জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ - পায়রা অবমুক্তকরণ		
	১০.০০	মাননীয় প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দের আসন গ্রহণ		
	১০.০১	পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ	:	
	১০.১০	স্বাগত বক্তব্য	:	জনাব মো. শরিফুল ইসলাম মহাপরিচালক বাংলাদেশ শিশু একাডেমি
	১০.১৪	প্রামাণ্যচিত্র প্রদর্শনী	:	বাংলাদেশে শিশুর উন্নয়ন বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শনী
	১০.২০	শিশু প্রতিনিধির বক্তব্য	:	০১ ছেলে শিশু ও ০১ মেয়ে শিশু = ০২ জন
	১০.২৬	বিশেষ অতিথির বক্তব্য	:	ইউনিসেফ প্রতিনিধি, ঢাকা
	১০.৩১	বিশেষ অতিথির বক্তব্য	:	লাকী ইনাম চেয়ারম্যান বাংলাদেশ শিশু একাডেমি
	১০.৪০	প্রধান অতিথির ভাষণ	:	ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি মাননীয় প্রতিমন্ত্রী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
	১০.৩৬	সভাপতির বক্তব্য	:	জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
	১০.৪০	পুরস্কার বিতরণী	:	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগীতার পুরস্কার বিতরণী
	১০.৪৫	সাংস্কৃতিক অনুষ্ঠান	:	পরিবেশনায়: বাংলাদেশ শিশু একাডেমির শিশু শিল্পীবৃন্দ।

ভেন্যুঃ বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন, ঢাকা।

২.৫	শিশু অধিকার বিষয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন উপলক্ষে শিশু অধিকার বিষয়ে সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি ও অন্যান্য শিশু সংশ্লিষ্ট সংগঠন
২.৬	শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শন	বিটিভিতে বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহের উপর শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শন ও এ দিবসের তাৎপর্য তুলে ধরে "টক শো" আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন
২.৭	শিশু পার্ক ও যাদুঘরে প্রবেশ	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহে শিশু পার্ক ও যাদুঘরে সুবিধাবঞ্চিত শিশুদের বিনা টিকেটে প্রবেশ নিশ্চিতকরনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে পত্র দিতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২.৮	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের মূল প্রতিপাদ্য নির্ধারণ	আন্তর্জাতিক প্রতিপাদ্যের সংগে সামঞ্জস্য রেখে এ বছর বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহের নিম্নোক্ত প্রতিপাদ্য নির্ধারণ করা হয়ঃ গড়বে শিশু সোনার দেশ ছড়িয়ে দিয়ে আলোর রেশ।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ইউনিসেফ, বাংলাদেশ শিশু একাডেমি ও অন্যান্য সংশ্লিষ্ট শিশু সংগঠন
২.৯	অনুষ্ঠান সম্পর্কিত বিভিন্ন কমিটি গঠন	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপনের জন্য বিগত ০৪/০৮/২০২২ তারিখে সভার সিদ্ধান্তক্রমে বিভিন্ন কমিটি/উপকমিটি গঠন করা হয়। প্রয়োজনমতে উক্ত কমিটিতে আরও সদস্য কো-অপ্ট বা পুনর্গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) বিশ্ব শিশু দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি, (খ) ডিজিটাল পদ্ধতিতে অনুষ্ঠান আয়োজন বিষয়ক, (গ)অনুষ্ঠান উদযাপন বিষয়ক, (ঘ) অভ্যর্থনা ও আসন বিন্যাস, (ঙ) দাওয়াত কার্ড প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত উপ-কমিটি, (চ) প্রচার ও প্রকাশনা, (ছ) মঞ্চ, সাজসজ্জা ও সাংস্কৃতিক, (জ) প্রামাণ্যচিত্র প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটি এ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২.১০	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী ও উদ্বোধনী অনুষ্ঠানের ভাষণ প্রস্তুতকরণ	বাংলাদেশ শিশু একাডেমি মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের উদ্বোধনী অনুষ্ঠানের ভাষণ প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি
২.১১	উদ্বোধনী অনুষ্ঠানে শিশু বক্তা নির্ধারণ ও তাদের ভাষণ প্রস্তুতকরণ	বাংলাদেশ শিশু একাডেমি উদ্বোধনী অনুষ্ঠানে ০১ জন কন্যা ও ০১জন ছেলে শিশু বক্তা নির্ধারণ এবং তাদের ভাষণ প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন এর জন্য প্রেরণ করবে।	বাংলাদেশ শিশু একাডেমি
২.১২	পবিত্র কোরআন তেলাওয়াত পাঠকারী, বাইবেল, গীতা ও ত্রিপিটক পাঠকারী নির্ধারণ উপস্থাপনা	বাংলাদেশ শিশু একাডেমি পবিত্র কোরআন তেলাওয়াতকারী, বাইবেল, গীতা ও ত্রিপিটক পাঠকারী নির্ধারণপূর্বক মন্ত্রণালয় হতে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি
২.১৩	সাংস্কৃতিক অনুষ্ঠান সংক্রান্ত	মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট কমিটির দিক নির্দেশনায় বাংলাদেশ শিশু একাডেমি সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি

২.১৪	উদ্বোধনী দিবসের আমন্ত্রণ পত্র মুদ্রণ, বিতরণ, অতিথি তালিকা হালনাগাদকরণ	আমন্ত্রণপত্র এবং অতিথি তালিকা মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বিতরণ করা হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কমিটি
২.১৫	উদ্বোধনী অনুষ্ঠানের গেইট, ব্যানার, ফেষ্টুন তৈরি	**উদ্বোধনী অনুষ্ঠানের গেইট, ব্যানার, ফেষ্টুনের নকশা/নমুনা মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট উপ-কমিটি তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।**	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট কমিটি
২.১৬	গণমাধ্যমে বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ এর ব্যাপক প্রচারণা	বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহের ব্যাপক প্রচারণার জন্য বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও বাংলাদেশ বেতার, বিটিভি/বিটিভি ওয়ার্ল্ডসহ বেসরকারি চ্যানেলের স্ক্রলে সপ্তাহব্যাপী প্রচারণার জন্য তথ্য মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি বিটিভি/বিটিভি ওয়ার্ল্ড, বাংলাদেশ বেতার ও বেসরকারি চ্যানেলসমূহ
২.১৭	ক্রোড়পত্র ও সুভ্যেনির প্রকাশ	ইংরেজি ও বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মরণিকা ও ক্রোড়পত্রের জন্য গঠিত উপ-কমিটি লেখা সংগ্রহপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	বাংলাদেশ শিশু একাডেমি ও সংশ্লিষ্ট উপ-কমিটি
২.১৮	অনুষ্ঠানে শিশুদের আনয়নের ব্যবস্থা	বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনের ধারণ ক্ষমতা বিবেচনাক্রমে শিশু, অভিভাবক, অতিথিবৃন্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ শিশু একাডেমি
২.১৯	শিশু র‍্যালী সংক্রান্ত	কন্যা শিশু দিবসে জাতীয় কন্যাশিশু এডভোকেসী ফোরাম এবং অন্যান্য সহযোগী শিশু সংগঠন থেকে বাংলাদেশ শিশু একাডেমি পর্যন্ত র‍্যালীর ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সাথে যোগাযোগ ও সমন্বয়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি, কন্যাশিশু এডভোকেসী ফোরাম এবং শিশু সংশ্লিষ্ট অন্যান্য সংগঠন
২.২০	অনুষ্ঠান স্থলে শিশুদের জন্য স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী/ উপকরণ সরবরাহ	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানের দিন অনুষ্ঠানস্থলে বাংলাদেশ শিশু একাডেমি স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী/উপকরণ, স্যানিটাইজার, মাস্ক, তাপমাত্রা পরিমাপের যন্ত্র ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করবে।	বাংলাদেশ শিশু একাডেমি
২.২১	অনুষ্ঠান চলাকালীন সময়ে আইন শৃংখলা রক্ষা	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠান ও র‍্যালীসহ শিশু অধিকার সপ্তাহ ব্যাপী অনুষ্ঠান চলাকালীন আইন শৃংখলা রক্ষার জন্য ঢাকা মেট্রোপলিটান পুলিশ ও জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটান পুলিশ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২.২২	বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ ২০.২২ জেলা/উপজেলা পর্যায়ে পালন	জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বাংলাদেশ শিশু একাডেমির মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রতিটি জেলায় এবং উপজেলায় বিশ্ব শিশু দিবস এবং শিশু অধিকার সপ্তাহ পালন করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া এ বিষয়ে জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র দেয়ার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ

২.২৩	অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আলোকসজ্জা ও সাউন্ড সিস্টেম ইত্যাদি	অনুষ্ঠানস্থল বর্ণাঢ্য সাজে সাজানো, উন্নতমানের সাউন্ড সিস্টেম এর ব্যবস্থা, রোড ব্রান্ডিং এবং ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মোড় ও মন্ত্রণালয়ের ভিতরে ব্যানার ফেস্টুনের দ্বারা সাজানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং জননিরাপত্তা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	বাংলাদেশ শিশু একাডেমি
২.২৪	নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ	অনুষ্ঠান চলাকালীন বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২.২৫	ফায়ার সার্ভিস,এ্যাম্বুলেন্সসহ জরুরী সেবা সরবরাহ	অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপণ প্রস্তুতি, এ্যাম্বুলেন্সসহ জরুরী সেবা সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগ ও স্বাস্থ্য বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২.২৬	প্রামাণ্যচিত্র প্রদর্শনী	এ দিবসের গুরুত্ব উপস্থাপন করে প্রামাণ্যচিত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ শিশু একাডেমি প্রামাণ্যচিত্র প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমি

৩। আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22.09.2022

ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি
প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৩.০০৮.২২.২২৯ তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ / ২৬ সেপ্টেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
০৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
০৯। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১৩। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।

১৪। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।
১৬। যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সহকারী সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৯। জনাব নাছিমা আক্তার জলি, কন্যাশিশু এডভোকেসি ফোরাম, হেরালডিক হাইট , বাড়ি নং-২/২, লেভেল-৪, মিরপুর রোড, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬/৯/২০২২

(মোসাঃ সালিমা আখতার)
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৮৮০৮৯
e-mail-sasshishu500@gmail.com